# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন (নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭
ই-মেইলঃ director_cpc@yahoo.com

www.bwdb.gov.bd

Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: director_cpc@yahoo.com

স্মারক নং-সিপিসি-৫১/ পিপিআর/ ৩১০৮ তারিখ: ১৪-০৩-২০১৭ খ্রিঃ

## সার্কুলার

পিপিআর-২০০৮ এর ২১ নভেম্বর ২০১৬ এর সংশোধন অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে বিভিন্ন ক্রয়ের জন্য দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুতের ক্ষেত্রে স্মারক নং সিপিসি-৫১/পিপিআর/২৯৪৮ তারিখ:০১-০১-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত সার্কুলারটির নির্দেশনা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো।

১। বাপাউবো'র সকল ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুতের ক্ষেত্রে ক্রয়কারী (Procuring Entity) দপ্তরের ০২(দুই) জন কর্মকর্তা এবং বাপাউবো'র অন্য ক্রয়কারী দপ্তর হতে ০১ (এক) জন কর্মকর্তা সহ তিন সদস্যের কমিটি গঠন করবেন। ক্রয়কারী কমিটি গঠন সংক্রান্ত দপ্তরাদেশ জারী করবেন এবং প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা হতে কমিটি অনুমোদনের প্রয়োজন নেই।

২। মাঠ পর্যায়ের দপ্তরের ক্ষেত্রে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে :

**(ক) প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী বা সমমানের হলে :** সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী ও শাখা কর্মকর্তা নিজ ক্রয়কারী দপ্তর হতে এবং বাপাউবো'র অন্য দপ্তর হতে উপ-বিভাগীয় প্রকৌশলী বা সহকারী প্রকৌশলী পর্যায়ের ০১ জন প্রতিনিধিসহ তিন সদস্যের কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুত করে অনুমোদনকারীর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

**(খ) প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান প্রকৌশলী হলে :** সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা নিজ ক্রয়কারী দপ্তর হতে এবং বাপাউবো'র অন্য দপ্তর হতে উপ-বিভাগীয় প্রকৌশলী বা সহকারী প্রকৌশলী পর্যায়ের ০১ জন প্রতিনিধিসহ তিন সদস্যের কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সীলগালা করে অনুমোদনকারীর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৩। অনুমোদনকারী কর্তৃক অনুমোদন এর ক্ষেত্রে পিপিআর-২০০৮ সংশোধিত এর ১৬(৫)(ক) ও (খ) অনুসরণ করতে হবে।

৪। প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা বাপাউবো'র Delegation of Financial Power-2016 অনুযায়ী হবে ।

৫। উন্নয়ন সহযোগী (Development Partner) সংস্থাভুক্ত প্রকল্পের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুতের বিষয়ে ভিন্নতর কিছু থাকলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

৭। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

ডায়েরী নং ২৫৬৮
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।

তারিখঃ ১৪-০৩-১৭
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

১৪/০৩/২০১৭
(মোঃ রফিকুল আলম)
পরিচালক

স্মারক নং-সিপিসি-৫১/ পিপিআর/ ৩১০৮ তারিখঃ ১৪-০৩-২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী,/প্রধান..............................................বাপাউবো,........................।
(অধীন দপ্তরদপ্তরসমূহে বিতরণের অনুরোধসহ)

২। সচিব, সচিবালয়, বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)

৪। সিস্টেম এনালিষ্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি পাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৫। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (..........................) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক. . . . . . . . . . . ,
বাপাউবো ,মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)।

১৪।০৩।২০১৭

(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী